



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/8/2020

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো

নিউ ইয়র্ক সিটি যখন আজ পুনরায় খোলার প্রথম পর্যায়ে প্রবেশ করছে গভর্নর কুওমো ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক সিটি এখন ঐচ্ছিক সার্জারি এবং অ্যাম্বুলেটরি কেয়ারের জন্য যোগ্য।

*বাস্তবিক বিভিন্ন গির্জায় 14টি নতুন অস্থায়ী টেস্টিং সাইট খুলছে বিশেষ করে COVID-19 এর দ্বারা প্রভাবিত সম্প্রদায়গুলিতে, নর্থওয়েল হেলথ (Northwell Health) এবং SOMOS এর সাথে অংশীদারিত্বে*

*মিড-হাডসন ভ্যালী, পুনরায় খোলার দ্বিতীয় পর্যায়ে প্রবেশ করবে বলে প্রত্যাশিত এবং লং আইল্যান্ড বুধবার, 10ই জুন পুনরায় খোলার দ্বিতীয় পর্যায়ে প্রবেশ করার পথে নিজেদের এখনো বলবত রেখেছে*

আজ পাতাল রেল সওয়ার গভর্নরের বি-রোল [এখানে](#) এবং [এখানে](#) পাওয়া যাবে; ফটো পাওয়া যাবে [এখানে](#)

নিউ ইয়র্ক স্টেটে আরও 702 জনের করোনাভাইরাস নিশ্চিত করা হয়েছে - যা স্টেটব্যাপী 36টি কাউন্টিতে নতুন আক্রান্ত রোগী সহ মোট আক্রান্তের সংখ্যাকে 378,799-এ নিয়ে এসেছে

নিউইয়র্ক সিটি যখন আজ পুনরায় খোলার প্রথম পর্যায়ে প্রবেশ করছে, তখন গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো ঘোষণা করেন যে নিউ ইয়র্ক সিটি এখন ঐচ্ছিক সার্জারি এবং অ্যাম্বুলেটরি কেয়ার পুনরায় চালু করতে যোগ্য। গভর্নর আগে ঘোষণা করেছিলেন যে COVID-19 এর বৃদ্ধির উল্লেখযোগ্য ঝুঁকি নেই এমন কাউন্টিগুলি ও হাসপাতালগুলিতে অনতিবিলম্বে ইলেক্টিভ আউটপেশেন্ট ড্রিটমেন্ট পুনরায় শুরু হবে।

গভর্নর কুওমো এই ঘোষণাও করেছেন যে রাজ্য 14টি নতুন সাময়িক পরীক্ষার সাইট খুলছে বিশেষ করে COVID-19 দ্বারা প্রভাবিত সম্প্রদায়গুলিতে, নর্থওয়েল হেলথ এবং SOMOS কমিউনিটি কেয়ারের (SOMOS Community Care) সহযোগিতায়। নিউ ইয়র্ক শহরের হটস্পট এলাকাগুলিতে, যেখানে ভাইরাসের প্রভাব সব চেয়ে বেশি পরেছে, সেখানে COVID-19 এর সংক্রমণের হার কমানোর উদ্দেশ্যে রাজ্য জোর প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে।

যে নিউ ইয়র্কবাসীরা সাম্প্রতিক বিক্ষোভে অংশগ্রহণ করেছেন, তাদের COVID-19 এর জন্য পরীক্ষা করানোর কথা স্মরণ করিয়ে দিয়েছেন। নিউ ইয়র্ক সিটিতে এখন 240 টিরও বেশি পরীক্ষা-নিরীক্ষার সাইট রয়েছে, এবং সাম্প্রতিক বিক্ষোভে অংশ নেওয়া ব্যক্তিদের জন্য শহর জুড়ে 15টি টেস্টিং সাইটকে অগ্রাধিকার দিচ্ছে রাজ্য। COVID-19 এর জন্য কোথায় এবং কিভাবে পরীক্ষা করানো যায় তার আরও তথ্য <https://coronavirus.health.ny.gov> এ পাওয়া যাবে।

গভর্নর আরও ঘোষণা করেছেন যে পুনরায় খোলার দ্বিতীয় ধাপে কাল, 9ই জুন মিড-হাডসন ভ্যালী প্রবেশ করবে বলে প্রত্যাশা করা হচ্ছে, এবং বিশ্বব্যাপী জনস্বাস্থ্য বিশেষজ্ঞদের আঞ্চলিক তথ্য পর্যালোচনা করার পর লং আইল্যান্ড 10ই জুন, নিজেদের পুনরায় খোলার দ্বিতীয় ধাপে প্রবেশ করার পথে বলবত রেখেছে।

"আজ আমরা COVID-19 ভাইরাসকে অতিক্রম করছি যেমন আমরা নিউ ইয়র্ক শহরকে পুনরায় খুলছি - আমরা শুধু বক্ররেখা সমতল করিনি, আমরা তা বাঁকিয়ে দিয়েছি, এবং আমরা সব করেছি ডেটা এবং তথ্যের উপর ভিত্তি করে," **গভর্নর কুওমো বলেন।** "আপনি দেখুন আমরা এখন কোথায় আছি আমাদের পরীক্ষার ফলাফলগুলির ক্ষেত্রে এবং এখন আমাদের মাত্রা 16ই মার্চ থেকে রাজ্যের সর্বনিম্ন, এবং এই কারণে আমি নিউ ইয়র্কবাসীদের এই কথা বলার আত্মবিশ্বাস আছে যে আমরা পুনরায় খোলার জন্য প্রস্তুত। আমাদের পরিশ্রমের কারণে এই সব অগ্রগতি হয়েছে, এবং আমরা এখন কাজে টিলা দিতে পারি না না হলে আমরা দেখতে পাবো যে সেই সংখ্যাগুলি আবার বেড়ে উঠছে।"

পরিশেষে, গভর্নর আরও 702 জন নভেল করোনাভাইরাস আক্রান্তের ঘটনা নিশ্চিত করেছেন, যা নিউ ইয়র্ক স্টেট জুড়ে মোট নিশ্চিত আক্রান্তের সংখ্যা 378,799-তে নিয়ে এসেছে। মোট 378,799 জন ব্যক্তি যারা ভাইরাসের জন্য নিশ্চিতভাবে সনাক্ত হয়েছেন, তাদের ভৌগলিক অবস্থান নিম্নরূপ:

কাউন্টি	মোট আক্রান্ত	নতুন আক্রান্ত
Albany	1,978	17
Allegany	51	0
Broome	624	4
Cattaraugus	95	1
Cayuga	101	0
Chautauqua	101	0
Chemung	137	0
Chenango	135	1
Clinton	97	0
Columbia	414	0
Cortland	42	1
Delaware	85	0
Dutchess	4,006	6

Erie	6,531	45
Essex	39	1
Franklin	23	0
Fulton	227	3
Genesee	208	0
Greene	247	1
Hamilton	5	0
Herkimer	124	1
Jefferson	78	1
Lewis	20	0
Livingston	121	0
Madison	327	0
Monroe	3,203	13
Montgomery	100	0
Nassau	40,947	43
Niagara	1,116	4
NYC	207,353	384
Oneida	1,170	27
Onondaga	2,408	16
Ontario	221	0
Orange	10,523	9
Orleans	256	1
Oswego	115	0
Otsego	75	1
Putnam	1,279	2
Rensselaer	503	1
Rockland	13,340	15
Saratoga	504	2
Schenectady	712	1
Schoharie	54	0
Schuyler	12	0
Seneca	61	0
St. Lawrence	209	0
Steuben	251	0
Suffolk	40,377	48
Sullivan	1,417	2
Tioga	134	0
Tompkins	171	0

Ulster	1,721	3
Warren	257	0
Washington	240	0
Wayne	125	1
Westchester	34,000	46
Wyoming	90	1
Yates	39	0

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)  
নিউইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)